দৈনিক সংবাদ

তারিখ 09 AUG 1988

পৃষ্ঠা ৮ কলাম ৮



# প্রাথমিক বিদ্যালয় সংস্কার প্রকল্পের ৬২ হাজার টাকা ফেরত গেছে

সাতক্ষীরা, ৭ই আগষ্ট (নিজস্ব সংবাদদাতা)।— জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নির্দিষ্ট সময়ের মধ্যে বিলে সই না করায় সাতক্ষীরা সদর উপজেলার প্রাথমিক বিদ্যালয় সংস্কার প্রকল্পের ৬২ হাজার টাকা ফেরত গেছে।

চলতি ৮৭-৮৮ অর্থ বছরে সাতক্ষীরা সদর উপজেলার প্রাথমিক বিদ্যালয় ভবন সংস্কার কাজের জন্যে শিক্ষা অধিদপ্তর থেকে ৬২ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়। এছাড়া নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্রের মাধ্যমে কাজ শেষ করার জন্যেও নির্দেশ দেয়া হয়। এই প্রকল্পে চলতি বছর ১৫টি প্রাথমিক বিদ্যালয় ভবন সংস্কারের জন্য উপজেলা শিক্ষা কমিটির সিদ্ধান্তের মাধ্যমে প্রজেক্ট কমিটি গত ৩১শে মে ফাইলটি উপজেলা প্রকৌশলীর নিকট জমা দেয়া হয়। গত ১৮ই জুন এ সংক্রান্ত দরপত্র বিক্রি করা হয়। অন্যদিকে নির্দিষ্ট সময়ের মধ্যে (অর্থ বছরে) কাজ শেষ না হওয়ার আশংকায় শিক্ষা অধিদপ্তরের সার্কুলার অনুযায়ী বরাদ্দকৃত টাকা উপজেলা চেয়ারম্যানের সাধারণ তহবিলে জমা রাখার জন্যে একটি বিল তৈরী করে জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট জমা দেয়া হয়। সংশ্লিষ্ট উপজেলা চেয়ারম্যানের আনীত অভিযোগ অনুযায়ী জেলা

(৭-এর পাতায় দেখুন)